

Total No. of Printed Pages—4

**6 SEM TDC BNLH (CBCS) C 13**

**2025**

( May )

**BENGALI**

( Core )

Paper : C-13

( আধুনিক বাংলা উপন্যাস )

Full Marks : 80

Pass Marks : 32

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

প্রথম একক

- ১। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪
- (ক) কার রচনায় প্রথম বাংলা উপন্যাসের লক্ষণ পাওয়া যায়?
- (খ) কোন্ শতাব্দীতে বাংলা উপন্যাসের সূত্রপাত হয়েছিল?
- (গ) একটি আঞ্চলিক উপন্যাসের নাম লেখো।
- (ঘ) 'জাগরী' উপন্যাসটি কার লেখা?
- (ঙ) সত্যজিৎ রায়ের 'ফেলুদা' কী ধরনের উপন্যাস?
- (চ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের একটি আত্মজীবনীমূলক উপন্যাসের নাম লেখো।

২। সামাজিক উপন্যাস কাকে বলে? এর বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। ৬

অথবা

উদাহরণসহ ঐতিহাসিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো।

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) সংজ্ঞাসহ গোয়েন্দা উপন্যাসের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(খ) বাংলা উপন্যাসের উদ্ভব ও বিকাশের ইতিহাস বর্ণনা করো।

৪। বাংলা উপন্যাসের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে যে কোনো তিনটি রাজনৈতিক উপন্যাসের পর্যালোচনা করো। ১০

অথবা

আঞ্চলিক উপন্যাস বলতে কী বোঝ? আঞ্চলিক উপন্যাসের লক্ষণ ও বৈশিষ্ট্যগুলি বিশ্লেষণ করে একটি বাংলা আঞ্চলিক উপন্যাসের আলোচনা করো।

### দ্বিতীয় একক

৫। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো পাঁচটি) : ১×৫=৫

(ক) 'পল্লীসমাজ' উপন্যাসটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?

(খ) "নইলে আর ব্যাটাদের ছোটোলোক বলেচে কেন?" বক্তা কে?

(গ) রমা আকবরকে কোথায় পাহারা দেবার জন্য পাঠিয়েছিল?

(ঘ) যতীন কে?

(ঙ) রমেশের জন্ম কোথায় হয়েছিল?

(চ) গোপাল সরকারের কাছে বসে রমেশ কী করছিল?

(ছ) "মোরা নালিশ করতি পারব না"—কে একথা বলেছিল?

৬। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ৪×২=৮

(ক) "মুসলমানেরা তো ওকে একটা পীর পয়গম্বর বলে ঠিক করে বসে আছে।" কে, কার সম্পর্কে একথা বলেছিল? কেন সে একথা বলেছিল?

(খ) রমেশ চরিত্রটি বর্ণনা করো।

(গ) বেণী ঘোষাল কেন জল বার করতে চায়নি—আলোচনা করো।

৭। কুড়িজন কৃষক রমেশের কাছে এসে কেঁদে পড়ল কেন? আলোচনা করো। ৬

অথবা

রমেশ বেণীর কাছে জল বার করে দেবার হুকুম দেওয়ার জন্য অনুরোধ করল কেন?

৮। 'পল্লীসমাজ' উপন্যাসের সমাজ সচেতনতা সম্পর্কে শরৎচন্দ্রের মনোভাব ব্যক্ত করো। ১১

অথবা

'পল্লীসমাজ' উপন্যাসের রমা চরিত্রটি বিচার করো।

### তৃতীয় একক

৯। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) 'অরণ্যের অধিকার' উপন্যাসটির জন্য মহাশ্বেতা দেবী কী পুরস্কার প্রাপ্ত হন?

- (খ) বিরসা মুণ্ডার আরও একজন সহযোদ্ধার নাম কী?  
(গ) বিরসা কত তারিখে ধরা পড়েছিল?  
(ঘ) ১৯০০ খ্রিস্টাব্দে ৯ জুন বিরসার মৃত্যু হয় কোন্ জেলে?  
(ঙ) 'অরণ্যের অধিকার' উপন্যাসটি কত সালে প্রকাশিত হয়?

১০। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ৩×২=৬

- (ক) 'অরণ্যের অধিকার' উপন্যাসে মুণ্ডা ধর্মের যে পরিচয় রয়েছে তা সংক্ষেপে আলোচনা করো।  
(খ) বিরসা কেন অরণ্যের অধিকার চেয়েছিল? আলোচনা করো।  
(গ) বিরসা মুণ্ডার জীবন-সংগ্রামের ইতিহাস বর্ণনা করো।

১১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৪

- (ক) অমূল্যবাবু চরিত্রটি আলোচনা করো।  
(খ) "তেমন বর্বর অসভ্য মুণ্ডারে আমি সাহেবদের সামনে দাঁড় করায়েছি গুলতি-নুড়ি হাতে।" বক্তা কে? কী প্রসঙ্গে বক্তা এই কথাগুলি বলেছে?

১২। 'অরণ্যের অধিকার' উপন্যাসের ঐতিহাসিকতা আলোচনা করো। ১১

অথবা

'অরণ্যের অধিকার' উপন্যাসের নারীচরিত্রগুলি আলোচনা করো।

★ ★ ★